গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
(www.bkkb.gov.bd)

**বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৫০তম সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : কাজী এনামুল হাসান এনডিসি
মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;
সভার তারিখ : ৩০ এপ্রিল, ২০২৪
সময় : বেলা: ১২.০০ টায়
স্থান : বোর্ডের সভাকক্ষ

উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, গবেষণা ও উন্নয়ন) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান সর্বশেষ ৩০ ডিসেম্বর, ২০২৫ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৪৯তম সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। ৪৯তম সমন্বয় সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়। কোন আপত্তি বা সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হলো।

২। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৪৯তম সমন্বয় সভার আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশায় ১২ তলা ২টি কল্যাণ ভবন নির্মাণ প্রকল্প:** | | |
| | অতিরিক্ত মহাপরিচালক সভায় অবহিত করেন যে, **"দিলকুশা বিকেকেবি কল্যাণ ভবন নির্মাণ"**- শীর্ষক প্রকল্পের অর্থ বিভাগ থেকে জনবল নির্ধারণে ৭ কপি পুনর্গঠিত ডিপিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১৫ এপ্রিল, ২০২৫ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে উন্নয়ন অনুবিভাগে প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২৭/০৪/২০২৫ তারিখ অনুষ্ঠিত পর্যালোচনা সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়। অর্থ বিভাগ থেকে জনবল নির্ধারণ করে দ্রুততম সময়ের মধ্যে Recast DPP পরিকল্পনা কমিশনের অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণ করতে হবে। | পুনর্গঠিত ডিপিপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে থেকে পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য যোগোযোগ অব্যাহত রাখতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক প্রধান কার্যালয়, বিকেকেবি<br>২। পরিচালক (উন্নয়ন), বিকেকেবি |
| ২। | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারে নতুন ভবন নির্মাণ:** | | |
| | **ক. মতিঝিল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের নিজস্ব ভূমিতে ৩টি বেইজমেন্টসহ ১৫তলা বাণিজ্যিক ভবন নির্মাণ:**<br>**"মতিঝিল বিকেকেবি কল্যাণ ভবন নির্মাণ"** শীর্ষক প্রকল্পের অর্থ বিভাগ থেকে জনবল নির্ধারণে ৭ কপি পুনর্গঠিত ডিপিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ৯ এপ্রিল, ২০২৫ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে উন্নয়ন অনুবিভাগে প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২৭/০৪/২০২৫ তারিখ অনুষ্ঠিত পর্যালোচনা সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়। অর্থ বিভাগ থেকে জনবল নির্ধারণ করে দ্রুততম সময়ের মধ্যে Recast DPP পরিকল্পনা কমিশনের অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণ করতে হবে। | প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠানের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক প্রধান কার্যালয়, বিকেকেবি<br>২। পরিচালক(উন্নয়ন), বিকেকেবি |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **খ. সরকারি কর্মচারীর বিশেষ চাহিদাসম্পন্ন/প্রতিবন্ধী সন্তানদের জন্য সেবা ও সাহায্য কেন্দ্র বা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন:**<br>সরকারি কর্মচারীর প্রতিবন্ধী সন্তানদের জন্য সেবা প্রদান বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব প্রস্তুত এবং Feasibility Study সহ করণীয় নির্ধারণকল্পে বোর্ডের সাথে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাভুক্ত বিশেষায়িত প্রতিষ্ঠান হিসেবে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এবং নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের সাথে সমঝোতা স্মারক (MoU) গত ১৫.০৫.২০২৪ তারিখে স্বাক্ষরিত হয়েছে। সমঝোতা স্মারক (MoU) এর অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। স্বল্পতম সময়ের মধ্যে Feasibility Study-র Expression of Interest (EoI) ও ডিপিপি প্রণয়নের কাজ শুরু করা হবে।<br>এছাড়া জেলা প্রশাসক, গাজীপুরকে প্রস্তাবিত জমির যে অংশে অবৈধ দখল আছে সে অংশ অবৈধ দখল মুক্ত করে বোর্ড-এর নিকট হস্তান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | (ক) সরকারি কর্মচারীর বিশেষ চাহিদাসম্পন্ন/ প্রতিবন্ধী সন্তানদের পুনর্বাসনের জন্য একটি সুনির্দিষ্ট প্রস্তাব বিষয়ে দ্রুত Feasibility Study করতে হবে;<br>(খ) জমির যে অংশে অবৈধ দখল আছে, সে অংশ অবৈধ দখল মুক্ত করার জন্য জেলা প্রশাসক, গাজীপুরকে পত্র প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক প্রধান কার্যালয়, বিকেকেবি;<br>২। পরিচালক (উন্নয়ন) বিকেকেবি |
| | **গ. বোর্ড এর আয়বর্ধক প্রকল্প:**<br>বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের বিষয়ে প্রতিটি বিভাগ ও জেলা পর্যায়ে খাস/অর্পিত/ পরিত্যক্ত জমি বন্দোবস্তের লক্ষ্যে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার মহোদয়ের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের বিষয়ে প্রতিটি বিভাগ ও জেলা পর্যায়ে খাস/অর্পিত/ পরিত্যক্ত জমি বন্দোবস্তের লক্ষ্যে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার মহোদয়ের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), বিকেকেবি |
| | **ঘ. চট্টগ্রামের আগ্রাবাদে প্রস্তাবিত বহুতল ভবন নির্মাণ:**<br>চট্টগ্রামের আগ্রাবাদে ৩.১৮ বিঘা জমিতে ২০তলা বিশিষ্ট কল্যাণ ভবন নির্মাণের লক্ষ্যে নকশা প্রণয়ন করা হয়েছে। উল্লিখিত ভবনের মোট ফ্লোর স্পেস ৫,২৩,৭৯০ বর্গফুট ৩টি বেইজমেন্ট, ২১৩টি গাড়ি পার্কিং, ৩টি সিঁড়ি, দু'টি ক্যাপসুল লিফটসহ ৭টি লিফট, প্রতি ফ্লোরে Air Conditioning, বৈদ্যুতিক সাবস্টেশন ও জেনারেটরের সংস্থান রাখা হয়েছে। অতঃপর অর্থ বিভাগ থেকে জনবল নির্ধারণপূর্বক গণপূর্ত অধিদপ্তর কর্তৃক Recast DPP প্রেরণ, প্রাক্কলিত ব্যয়, নকশা ইত্যাদি বিষয়ে আলোচনান্তে পরিকল্পনা কমিশনের অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে ডিপিপি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) গণপূর্ত অধিদপ্তর থেকে ডিপিপি দ্রুততম সময়ে বিকেকেবিতে প্রেরণ করতে হবে;<br>(খ) পরিকল্পনা কমিশনের অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে ডিপিপি প্রেরণ করতে হবে। | ১। পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম,বিকেকেবি;<br>২। নির্বাহী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর;<br>৩। নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ-৪ চট্টগ্রাম। |
| | **ঙ. বান্দরবান জেলা শহরে পর্যটন কেন্দ্র স্থাপন:**<br>বান্দরবান জেলার সদর উপজেলার মৌজা নং ৩১৩ বান্দরবান-৮৬৯ ও ১৮৭০ দাগ নং বিকেকেবির এক একর জায়গায় সীমানা প্রাচীর নির্মাণের লক্ষ্যে ইতোমধ্যে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। টেন্ডার প্রক্রিয়ায় নির্বাচিত ঠিকাদার কর্তৃক সীমানা প্রাচীর নির্মাণের কাজ শুরু হলে বান্দরবান সড়ক বিভাগ কর্তৃক আপত্তি উপস্থাপিত হয়। আপত্তিতে বলা হয় যে, ভবিষ্যতে সরকার কর্তৃক সড়ক সম্প্রসারণের প্রয়োজনীয়তা মনে করলে | দ্রুততম সময়ে সীমানা প্রাচীর নির্মাণের কাজ সম্পন্ন করতে হবে। | পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম,বিকেকেবি। |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | জায়গার প্রয়োজন হবে। এ লক্ষ্যে সীমানা প্রাচীর প্রস্তাবিত স্থান থেকে আরও ৩০ ফিট ভিতরে নির্মাণ করতে হবে। এ বিষয়ে বোর্ডের সাথে বান্দরবান সড়ক বিভাগের সমঝোতা স্মারক সম্পাদন কার্যক্রম চলমান রয়েছে। সমঝোতা স্মারক সম্পাদিত হলে সীমানা প্রাচীরে অবশিষ্ট অংশে নির্মাণ কাজ সম্পন্ন হবে। | | |
| | **চ. খুলনাস্থ কমিউনিটি সেন্টার প্রকল্প:**<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয়, খুলনার কল্যাণ ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পে স্থাপত্য অধিদপ্তর থেকে প্রাপ্ত স্থাপত্য নকশার বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২৪/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত উন্নয়নমূলক প্রকল্প/কার্যক্রমের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা সভায় বোর্ডের বিভাগীয় কার্যালয়, খুলনার কল্যাণ ভবন নির্মাণের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:<br>*"স্থাপত্য অধিদপ্তর থেকে প্রাপ্ত নকশাটি নীতিগত অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে"।*<br>স্থাপত্য অধিদপ্তরের ২৭/১০/২০২৪ তারিখের ৩৩৩/স্থাপত্য সংখ্যক স্মারকের মাধ্যমে খুলনার কল্যাণ ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পে স্থাপত্য নকশার নীতিগত অনুমোদন প্রদানের জন্য ০১/১২/২০২৪ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে খুলনার কল্যাণ ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পে স্থাপত্য নকশার নীতিগত অনুমোদন গ্রহণ করতে হবে। | ১। পরিচালক, বিভাগীয় কার্যালয়, খুলনা, বিকেকেবি;<br>২। সহকারী পরিচালক (কর্মসূচি)। |
| | **ছ. বরিশালের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে কাম কমিউনিটি সেন্টার নির্মাণ:**<br>বিভাগীয় কমিশনার বরিশাল কর্তৃক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, বরিশালের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টার নির্মাণের জন্য বরিশাল সিটি কর্পোরেশনের আওতাধীন বরিশাল-তালতলি-শায়েস্তাবাদ সড়কের সরকারি হাঁস মুরগীর খামার সংলগ্ন জে.এল, ৪৮ নং আমানতগঞ্জ মৌজার এস.এ. ১ নং খাস খতিয়ানভুক্ত ৭৯৫ নং দাগের ২.০০ (দুই) একর এস.এ. জরিপে ভিটা শ্রেণি হিসেবে রেকর্ডভুক্ত (ঝিল/ডোবা হিসেবে বর্তমানে পরিত্যক্ত) জমিটি বরাদ্দ প্রদানের প্রস্তাব প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হয়। জেলা প্রশাসক, বরিশালের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | জেলা প্রশাসক, বরিশালের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | পরিচালক, বিভাগীয় কার্যালয়, বরিশাল, বিকেকেবি |
| | **জ. পটুয়াখালী জেলার কুয়াকাটায় রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণের জন্য ভূমি বরাদ্দের ব্যবস্থা:**<br>জেলা প্রশাসক, পটুয়াখালী কর্তৃক কুয়াকাটায় রেস্টহাউজ কাম রিসোর্ট নির্মাণের জন্য ০.৬৯একর ভূমি বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে ১৩/০৯/২০২২ তারিখ ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করে। ভূমি মন্ত্রণালয় থেকে ১০/১০/২০২২ তারিখে উক্ত ভূমিতে ৩টি দেওয়ানি মামলা থাকায় তা নিষ্পত্তি করে পুনরায় প্রস্তাব প্রেরণের সুপারিশ করা হয়। (ক) ২১৬/২০২১ নং দেওয়ানি মামলার শুনানি ১৬/০২/২০২৫ তারিখ অনুষ্ঠিত হয়েছে। (খ) ১৮৫/২০২২ এবং (গ) ১১৬/২০২১ নং দেওয়ানি মামলার শুনানির তারিখ এখনও নির্ধারণ হয়নি। মামলাটি নিষ্পত্তিকরণের কার্যকর ব্যবস্থা গ্রহণে সভায় গুরুত্বারোপ করা হয়। | চলমান মামলা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক, বিভাগীয় কার্যালয়, বরিশাল, বিকেকেবি |

CamScanner

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>৩।</td><td>বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের লক্ষ্যে খাস অর্পিত/ পরিত্যক্ত জমি বন্দোবস্তকরণ:</td><td></td><td></td></tr>
<tr><td></td><td>(ক) বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের বিষয়ে বিভাগীয় কমিশনার, ঢাকার সাথে সরাসরি যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।<br>(খ) পরিচালক, চট্টগ্রাম জানান যে, চট্টগ্রামের নাসিরাবাদ হাউজিং সোসাইটিতে সম্পত্তি প্লট নং-৩৫/এ-২ তে ২১.৪৫ শতক জায়গার উপর একটি আধুনিক মানসম্মত Rest House Cum Dormitory নির্মাণের নিমিত্তে গত ১২ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড (এপিএমবি), চট্টগ্রামের ১৭৮ তম সভায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর অনুকূলে ১,০০,০০১ (এক লক্ষ এক) টাকা প্রতীকীমূল্যে স্থায়ীভাবে বরাদ্দ/ বিক্রয় প্রদানের জন্য সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর সুপারিশসহ প্রস্তাব প্রেরণ করা হয়। উক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>(গ) পরিচালক, রাজশাহী ও খুলনা এবং সিলেটকে বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের লক্ষ্যে খাস/অর্পিত/পরিত্যক্ত জমি বন্দোবস্তের জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>(ঘ) সভায় বিভাগীয় কার্যালয়, রংপুরের অফিসসহ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কমিউনিটি সেন্টার নির্মানের জন্য একটি স্বয়ংসম্পন্ন প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td><td>বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের বিষয়ে প্রতিটি বিভাগ ও জেলা পর্যায়ে খাস/ অর্পিত/ পরিত্যক্ত জমি বন্দোবস্তের লক্ষ্যে বোর্ডের বিভাগীয় পরিচালকবৃন্দ জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ হতে হবে।</td><td>১। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), বা বিকেকেবি</td></tr>
<tr><td>৪।</td><td>জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান:</td><td></td><td></td></tr>
<tr><td></td><td>জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান শুধুমাত্র বোর্ডের প্রধান কার্যালয়ের মাধ্যমে কর্মরত ও পিআরএল ভোগরত সরকারি কর্মচারীদের এক বা একাধিকবার সর্বোচ্চ দুই লাখ টাকা প্রদান করা হয়। এ অনুদান বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সময়ের মধ্যে নিষ্পত্তিতে গুরুত্বারোপ করা হয়।</td><td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সময়ের মধ্যে আবেদন নিষ্পত্তি করতে হবে।</td><td>পরিচালক (প্রশাসন) প্রধান কার্যালয়, বিকেকেবি</td></tr>
<tr><td>৫।</td><td>সাধারণ চিকিৎসা অনুদান:</td><td></td><td></td></tr>
<tr><td></td><td>উপপরিচালক (অর্থ ও বাজেট) সভাকে অবহিত করেন যে, সাধারণ চিকিৎসা অনুদানের বর্তমান ব্যয় অধিকমাত্রায় বৃদ্ধি পেয়েছে। সে তুলনায় এ খাতে আয়ের পরিমাণ বৃদ্ধি পায়নি। ফলে বিভিন্ন বিভাগ যথাসময়ে অনুদানের অর্থ ইএফটি করতে পারছে না। এ ছাড়াও প্রাক্কলিত বাজেটের সাথে বিভাগসমূহের ব্যয়ের সামঞ্জস্যতা নেই। বাজেট বরাদ্দের সাথে ব্যয়ের সামঞ্জস্যতা থাকা খুবই প্রয়োজন। এ বিষয়ে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, গবেষণা ও উন্নয়ন) বলেন যে, অর্থবছরের শুরুতে বাজেট বরাদ্দকৃত থেকে এ অনুদান কার্যক্রম সম্পন্ন করতে হবে। আবেদনকারীর সংখ্যা বৃদ্ধি পেলে অনুদানের পরিমাণ সমন্বয় করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।</td><td>ক) সাধারণ চিকিৎসা অনুদানের বর্তমান ব্যয় বৃদ্ধির কারণে নিম্নবর্ণিত রোগ/চিকিৎসাসমূহের অনুকূলে সবোর্চ্চ মঞ্জুরির পরিমাণ নির্ধারণ করা হলে:
<table>
<tr><th>ক্র.</th><th>রোগের নাম</th><th>সবোর্চ্চ মঞ্জুরি</th></tr>
<tr><td>২।</td><td>কিডনি ও ডায়ালাইসিস</td><td>৪০,০০০/-</td></tr>
<tr><td>৩।</td><td>ক্যান্সার ও থেলাসোমিয়া</td><td>৪০,০০০/-</td></tr>
<tr><td>৪।</td><td>হৃদরোগ (CABG/ PTCA/AMI/ RMI/DVD/TVD /SVD/PCI/ IHD/NSTEMI/CHD) (অপারেশন হলে)</td><td>৪০,০০০/-</td></tr>
<tr><td>৫।</td><td>স্ট্রোক/ লিভার সিরোসিস/ PLID (অপারেশন হলে)</td><td>৪০,০০০/-</td></tr>
<tr><td>৬।</td><td>সিজার অপারেশন/জরায়ু অপারেশন/মুত্রনালী অপারেশন/ পাইলস অপারেশন/ হারনিয়া অপারেশন/</td><td>২০,০০০/-</td></tr>
<tr><td>৭।</td><td>অ্যাজমা/নিউমোনিয়া/ডায়াবেটিস মেলিটাস/চোখের চিকিৎসা</td><td>১০,০০০/-<br>১৮,০০০/-</td></tr>
<tr><td>৮।</td><td>সর্দি, জ্বর, কাশি/ বাতজ্বর</td><td>৩,০০০-<br>৮,০০০/-</td></tr>
</table></td><td>১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বিকেকেবি;<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), বিকেকেবি</td></tr>
</table>

CS CamScanner

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| | | খ) অন্যান্য রোগের ক্ষেত্রে রোগের ধরন ও খরচের প্রকৃতি অনুযায়ী কমিটি অর্থমঞ্জুরি প্রদান করবে। অনুদান মঞ্জুরির এ হার বাস্তবতার নিরিখে সময় সময় পরিবর্তিত ও হতে পারে;<br>গ) বর্ষপঞ্জি অনুযায়ী চিকিৎসা গ্রহণের ২ (দুই) বছরের মধ্যে আবেদন করতে হবে, তবে সাধারণ চিকিৎসা অনুদানের জন্য সর্বশেষ আবেদন দাখিলে পূর্বের বিল গ্রহণ যোগ্য হবে না;<br>ঘ) রোগীর নামবিহীন বিল/ তারিখবিহীন বিল/ ঘষামাজা বিল সরাসরি বাতিল মর্মে গণ্য হবে। | |
| ৬। | **মাসিক কল্যাণভাতা, যৌথবীমার এককালীন অনুদান ও দাফন/ অন্ত্যেষ্টিক্রিয়া:** | | |
| | চাকরিরত, অক্ষম ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর মৃত্যুতে তাঁদের আয়ের ওপর নির্ভরশীল ক্ষমতাপ্রাপ্ত সদস্যকে মাসিক ২,০০০/- টাকার অনুদান হিসেবে সর্বোচ্চ ১৫ বছর পর্যন্ত মাসিক কল্যাণ ভাতা প্রদান করা হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সময়ের মধ্যে আবেদন নিষ্পত্তি এবং এ সংক্রান্ত তথ্যাদি বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা ও জেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপনপূর্বক প্রধান কার্যালয়ে প্রতিমাসের ১০ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। এছাড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সময়ের মধ্যে নিষ্পত্তিকৃত আবেদনের EFT এর তালিকা ব্যাংকে প্রেরণ এবং ব্যাংক কর্তৃক গ্রাহকের অনুকূলে অর্থ প্রেরণের প্রমাণক প্রধান কার্যালয়ে পাঠানোর নির্দেশনা প্রদান করা হয়। | (ক) প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;<br>(খ) নিষ্পত্তিকৃত আবেদনের EFT প্রেরণ ও নিশ্চিতকরণের তারিখ উল্লেখপূর্বক ছক মোতাবেক তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বিকেকেবি;<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), বিকেকেবি |
| ৭। | **ডি-নথি কার্যক্রম বাস্তবায়ন:** | | |
| | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কর্মসম্পাদন সূচক [৪.১.১] ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা নির্ধারণ এর অসাধারণ লক্ষ্যমাত্রা ৩১/০৮/২০২৪ এবং [৪.১.২] ডি-নথিতে নোট নিষ্পত্তিকৃত এর অসাধারণ লক্ষ্যমাত্রা ১০০% নির্ধারিত আছে। দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসসমূহের সকল শাখার নথি রেজিস্টারের তথ্য অনুযায়ী ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে। বিবেচ্য বছরে একটি দপ্তর/সংস্থা কর্তৃক নির্ধারিত নথি রেজিস্টার অনুসারে ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকার শতভাগ নথির যতভাগ নোট ডি-নথি সিস্টেম এর মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে তার শতকরা অনুপাত অর্জন হিসেবে বিবেচিত হবে। শাখা ভিত্তিক উপস্থাপিত ডি-নথি এবং হার্ড-নথির স্টেটমেন্ট এবং হার্ড-নথি ও ডি-নথির পরিসংখ্যান মাসিক সমন্বয় সভার কার্যবিবিরণীতে উল্লেখ থাকতে হবে। বিভাগীয় কার্যালয়সমূহের ক্ষেত্রেও একইভাবে কার্যক্রমটি বাস্তবায়ন করতে হবে বলে সভায় আলোচনা করা হয়। | (ক) প্রধান কার্যালয়ের সকল শাখা হতে ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা নির্ধারণ করে পরিচালক (প্রশাসন) বরাবরে জমা দিতে হবে;<br>(খ) শাখা ভিত্তিক উপস্থাপিত ডি-নথি এবং হার্ড-নথির স্টেটমেন্ট/ পরিসংখ্যান মাসিক সমন্বয় সভার কার্যবিবিরণীতে উল্লেখ থাকতে হবে;<br>(গ) ডি- নথিতে নোট নিষ্পত্তিকৃত এর লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করতে হবে; | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়;<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল);<br>৩। সিস্টেম এনালিস্ট, প্রধান কার্যালয়, বিকেকেবি |
| ৮। | **ওয়েবসাইট হালনাগাদকরণ কার্যক্রম:** | | |
| | (ক) প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণ | (ক) প্রধান কার্যালয়ের ওয়েবসাইট | ১। পরিচালক |

CamScanner

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | অব্যাহত রাখতে হবে;<br>(খ) বিভাগীয় কার্যালয়সমূহের ওয়েবসাইটের সকল মেনু ও সেবাবক্সের সকল লিংক নিয়মিত ও সঠিকভাবে হালনাগাদপূর্বক প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | প্রতিনিয়ত হালনাগাদ করতে হবে;<br>(খ) বিভাগীয় কার্যালয়ের ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদ পূর্বক প্রতিমাসে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | (প্রশাসন), প্রধান কার্যালয়,<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল),<br>৩। সিস্টেম এনালিস্ট, প্রধান কার্যালয়, |
| ৯। | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক কার্যক্রম:** | | |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক নির্দেশিকা ২০২৪-২৫ অনুসরণপূর্বক প্রধান কার্যালয় ও আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রমসমূহ বাস্তবায়ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। জনাব কানিজ ফাতেমা সহকারী প্রোগ্রামার-কে, প্রধান কার্যালয়ের এপিএ'র কর্মসম্পাদনের ক্ষেত্র (বোর্ড কর্তৃক নির্ধারিত- ৭০ নম্বর) এর সকল ত্রৈমাসিক/ষান্মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ/ দাখিল (apams software) সংক্রান্ত কার্যক্রমের শাখা অফিসার হিসেবে দায়িত্ব প্রদান করা যেতে পারে। জনাব সুমাইয়া সায়মা, সহকারী প্রোগ্রামার-কে প্রধান কার্যালয়ের এপিএ'র সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত-৩০ নম্বর) এর সকল ত্রৈমাসিক/ষান্মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ/ দাখিল (৫টি কর্মপরিকল্পনার সফটওয়্যারসহ) সংক্রান্ত কার্যক্রমের শাখা অফিসার হিসেবে দায়িত্ব প্রদান করা যেতে পারে। জনাব আছফিয়া মেহবুবা, সিস্টেম এনালিস্ট-কে প্রধান কার্যালয়ের এপিএ ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্বে বহাল রাখা যেতে পারে। | (ক) এপিএ মূল্যায়ন নির্দেশিকা ২০২৪-২০২৫ অনুসরণপূর্বক প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়সমূহ বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রমসমূহ সম্পাদন করবেন;<br>(খ) জনাব কানিজ ফাতেমা, সহকারী প্রোগ্রামার এপিএ'র (৭০ নম্বর) শাখা অফিসার, জনাব সুমাইয়া সায়মা সহকারী প্রোগ্রামার এপিএ'র (৩০ নম্বর) শাখা অফিসার এবং জনাব আছফিয়া মেহবুবা, সিস্টেম এনালিস্ট-কে এপিএ ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন;<br>(গ) বিভাগীয় কার্যালয়ের ক্ষেত্রে এপিএ ফোকাল পয়েন্ট নির্ধারণপূর্বক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়,<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল),<br>৩। সিস্টেম এনালিস্ট, প্রধান কার্যালয়। |
| ১০। | **অডিট আপত্তি নিষ্পত্তি:** | | |
| | (ক) দীর্ঘ দিনের অনিষ্পন্ন ০৪টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা করতে হবে;<br>(খ) হিসাব শাখা কর্তৃক দ্রুত সময়ের মধ্যে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত ৯৩টি Non Serious Financial Irregularities (NSFI) অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বিকেকেবি;<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), বিকেকেবি। |
| ১১। | **অভ্যন্তরীণ প্রশিক্ষণ:** | | |
| | প্রধান কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২৫ এর কার্যক্রম [৩.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান (১০তম গ্রেড থেকে তদনিম্ন) এর লক্ষ্যমাত্রা ৬০ জন ঘন্টা এবং [১.৭] কর্মকর্তাদের সক্ষমতা উন্নয়নের জন্য লার্নিং সেশন আয়োজন (৯ম গ্রেড এবং তদুর্ধ) এর লক্ষ্যমাত্রা ৪টি নির্ধারিত আছে। উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রশিক্ষণসূচি প্রণয়ন করে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। এ কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ প্রশিক্ষক নির্বাচনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। বিভাগীয় কার্যালয়সমূহ হতে এ সংক্রান্ত প্রতিবেদন প্রমাণকসহ প্রধান কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান গুনগত মানসম্পন্ন ও বাস্তবধর্মী হতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ প্রশিক্ষক নির্বাচন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়;<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), বিকেকেবি |
| ১২। | **অভিযোগ প্রতিকার ব্যবস্থা Grievance Redress System (GRS):** | | |
| | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর লক্ষ্যমাত্রা | ২০২৪-২০২৫ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত | ১। পরিচালক (প্রশাসন), প্রধান |

CamScanner

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। GRS এ প্রাপ্ত অভিযোগসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | কর্মপরিকল্পনার সকল কার্যক্রমের অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | কার্যালয়,<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল) |
| ১৩। | **জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS):** | | |
| | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর যথাযথ বাস্তবায়নের ধারা অব্যাহত রয়েছে এবং সকল প্রতিবেদন বিভাগের ওয়েবসাইটে নিয়মিত আপলোড করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী দপ্তর সংস্থার ক্ষেত্রে অংশীজনের অংশগ্রহণে কমপক্ষে ৪ টি সভা করতে হবে। ৪টি সভার মধ্যে ন্যূনতম ২টি সভা আবশ্যিকভাবে বিভাগীয়/জেলা/উপজেলার মাঠ পর্যায়ের অফিসে গিয়ে বড় পরিসরে অনেক বেশি সংখ্যক অংশীজনের উপস্থিতিতে আয়োজন করতে হবে।<br>সে অনুযায়ী প্রধান কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ১ম সভাটি সিলেট বিভাগে আয়োজন করা হয়েছে। | (১) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর প্রতিটি প্রান্তিকের প্রতিবেদনসমূহ নির্ধারিত সময়ের মধ্যে প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে আপলোডসহ জনপ্রশাসন মন্ত্রণালয় -কে অবহিত করতে হবে;<br>(২) বিভাগীয় কার্যালয়ের শুদ্ধাচার কৌশল পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখা এবং এ সংক্রান্ত সকল প্রতিবেদন বিভাগের ওয়েবসাইটে সঠিক ফরম্যাট অনুসরণ করে আপলোড করতে হবে<br>(৩) প্রধান কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ১ম সভা সিলেট বিভাগে আয়োজন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়,<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), |
| ১৪। | **ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন;** | | |
| | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর সকল কার্যক্রমের অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনের ধারা অব্যাহত রাখতে হবে। এ কর্মপরিকল্পনার কার্যক্রম বাস্তবায়নের জন্য ২০/০৮/২০২৪ তারিখের মধ্যে উদ্ভাবনী ধারণা আহবান করা হয়েছে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংক্রান্ত ৪টি স্তম্ভের আলোকে করণীয় নির্ধারণ বিষয়ক ৪টি কর্মশালা/সেমিনার আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। নিজ অফিস ও আওতাধীন বিভাগীয় অফিসে অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার ০১/১২/২৪ তারিখের মধ্যে বাস্তবায়ন এবং মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারি সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের লক্ষ্যে ২টি কর্মশালা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। | (১) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংক্রান্ত কর্মশালা/সেমিনার ১ম প্রান্তিকে ১টি আয়োজন করতে হবে;<br>(২) তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে;<br>(৩) অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে;<br>(৪) মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারি সেবা চিহ্নিত করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়,<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল),<br>৩। সিস্টেম এনালিস্ট, প্রধান কার্যালয়,<br>৪। উপপরিচালক(উন্নয়ন) |
| ১৫। | **সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন:** | | |
| | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে ৪টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। এ বিষয়ে বিভাগীয় কার্যালয়সহ ১ম প্রান্তিকে ১টি সভা আয়োজন করতে হবে। এছাড়া ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েব সাইটে প্রকাশ করা হচ্ছে। | (১) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে;<br>(২) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন বিভাগীয় কার্যালয়সহ ১ম প্রান্তিকে ১টি সভা আয়োজন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়,<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল),<br>৩। সিস্টেম এনালিস্ট, প্রধান কার্যালয়, বিকেকেবি |

CamScanner

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৬। | **তথ্য অধিকার:** | | |
| | তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা ২০২৪-২৫ বাস্তবায়নের জন্য তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি এবং স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। বার্ষিক প্রতিবেদন ১৫/১০/২০২৪ তারিখের মধ্যে প্রকাশ এবং তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক বছরে ৩টি প্রচার কার্যক্রম সম্পন্ন করার বাধ্যবাধকতা রয়েছে। এছাড়া সকল প্রতিবেদন সঠিকভাবে ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে। | (১) তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে;<br>(২) সকল প্রতিবেদন সঠিকভাবে ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়,<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল),<br>৩। সিস্টেম এনালিস্ট, প্রধান কার্যালয়, বিকেকেবি |
| ১৭। | **বিমান বন্দরে হেল্প ডেস্ক স্থাপন:** | | |
| | জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর নিয়ন্ত্রণে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত/অবসরপ্রাপ্ত অসামরিক কর্মকর্তা/কর্মচারীদের বিদেশ থেকে আগমন ও বর্হিগমনের সহায়তা সার্ভিস পরিচালনার জন্য হযরত শাহাজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে টার্মিনাল-১ এর ভিতরে ১নং গেইট এর ২য় তলায় ১৪০ বর্গফুট জায়গা কল্যাণডেস্ক স্থাপনের লক্ষ্যে The Public Procurement Regulation-2008 এর ৬১ বিধিতে OTM (Open Tendering Method) পদ্ধতি অনুসরণপূর্বক ০৭ এপ্রিল, ২০২৫ তারিখে ১টি দৈনিক বাংলা (আমাদের সময়) ও ১টি দৈনিক ইংরেজি (New AGE) পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তিতে দরপত্র দাখিলের শেষ তারিখ ২৮/০৪/২০২৫ তারিখ বেলা ২:০০ টা পর্যন্ত নির্ধারিত রয়েছে। দ্রুততম সময়ে নির্বাচিত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের মাধ্যমে কল্যাণডেস্ক স্থাপন করতে হবে। | দ্রুততম সময়ে নির্বাচিত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের মাধ্যমে কল্যাণডেস্ক স্থাপন করতে হবে। | ১। সহকারী পরিচালক (কর্মসূচি), বিকেকেবি |
| ১৮। | **শাখা পরিদর্শন:** | | |
| | বোর্ডের প্রধান কার্যালয়সহ বিভাগীয় কার্যালয়সমূহে নিয়মিত কার্যক্রমসহ পরিদর্শনপূর্বক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোডের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করা হয়। | সচিবালয় নির্দেশমালা মোতাবেক কার্য নিষ্পত্তিতে সময়সীমা মেনে চলতে হবে; | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়;<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয়(সকল) বিকেকেবি |
| ১৯। | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের জমির তথ্য:** | | |
| | ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও সিলেট জমির তথ্য সংগ্রহ করার জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচাকে ২৯/০২/২০২৪ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় পরিচালক, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও সিলেটকে ৩০/০৩/২০২৪ তারিখের মধ্যে জমির প্রয়োজনীয় তথ্য ছক আকারে প্রমাণকসহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছে। এছাড়া ২৯ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডের সমন্বয় সভায় এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিভাগীয় পরিচালকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এখন পর্যন্ত জমির প্রয়োজনীয় তথ্য পাওয়া যায়নি। তথ্য সংগ্রহের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা হচ্ছে। | জমির খতিয়ান ও নকশা সংগ্রহপূর্বক বই আকারে প্রস্তুত করে সংশ্লিষ্ট সকলের নিকট এক কপি প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বিকেকেবি;<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয়,(সকল), বিকেকেবি |
| ২০। | **বোর্ডে অর্থ বিনিয়োগ:** | | |

CamScanner

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | বোর্ডের ৩টি তহবিলে ২৪টি স্থায়ী আমানত (FDR) এর অনুকূলে মোট প্রায় সাতশত কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে। ৩০ জুন, ২০২৪ তারিখে বিভিন্ন ব্যাংক হিসাবের স্টেটমেন্ট অনুযায়ী ১৭৫.৪৬ কোটি টাকা অব্যয়িত রয়েছে। গঠিত কমিটি কর্তৃক (FDR) এর জন্য বিস্তারিত আলোচনান্তে সভার মাধ্যমে সুপারিশে প্রণয়ন করে মহাপরিচালক কর্তৃক অনুমোদন প্রাপ্তির পর সরকারি ব্যাংকসমূহ (সোনালী, অগ্রনী, জনতা, কৃষি, রূপালী) প্রাপ্ত সর্বোচ্চ রেটে বিনিয়োগ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | কমিটি কর্তৃক প্রাপ্ত সুপারিশসমূহ মহাপরিচালকের অনুমোদনক্রমে সরকারি ব্যাংকসমূহ (সোনালী, অগ্রনী, জনতা, কৃষি, রূপালী) প্রাপ্ত সর্বোচ্চ রেটে বিনিয়োগ করতে হবে। | ১। অতিরিক্ত মহারিচালক;<br>২।পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বিকেকেবি |
| ২১। | **আর্থিক ক্ষমতা অর্পন:** | | |
| | Delegation of Financial Power অনুযায়ী মহাপরিচালকের ওপর অর্পিত আর্থিক ক্ষমতা যথাক্রমে মাসিক কল্যাণ ভাতা, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া, যৌথবীমার এককালীন অনুদানের বিষয়ে অতিরিক্ত মহাপরিচালক পর্যায়ে নিষ্পত্তির জন্য সভায় মতামত উপস্থাপন করা হলে সকলে একমত পোষণ করেন এবং মহাপরিচালকও তাতে সহমত পোষণ করেন। কার্যবিবরণীটি অনুমোদনের পর এ সংক্রান্ত অফিস আদেশ জারি করা হবে মর্মে সভায় আলোকপাত করা হয়। | মাসিক কল্যাণ ভাতা, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া, যৌথবীমার এককালীন অনুদান অতিরিক্ত মহাপরিচালক পর্যায়ে নিষ্পত্তি করতে হবে। | পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বিকেকেবি |

উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(কাজী এনামুল হাসান এনডিসি)
মহাপরিচালক

CamScanner